# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১(১) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

**বিষয় : এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০২৬ এর কেন্দ্র তালিকা ও পরীক্ষার সময়সূচি প্রেরণ প্রসঙ্গে।**

আগামী ০২-০৭-২০২৬খ্রি: তারিখ হতে দেশব্যাপী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা আরম্ভ হবে। যথাযথ নিয়মে, সুষ্ঠু, সুন্দর, মানসম্পন্ন ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে আপনার জেলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য নির্বাচিত পরীক্ষা কেন্দ্রের একটি তালিকা ও এক কপি পরীক্ষার সময়সূচি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হল।

০৮/০৬/২৬
(প্রকৌশলী মো: আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৫

প্রাপক,
জেলা প্রশাসক (সকল)।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১ (৭) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা, শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)]
২। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
৪। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সংশ্লিষ্ট নথি।

(মোঃ জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৯

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১(২) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

বিষয় : এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের বোর্ড সমাপনী পরীক্ষা-২০২৬ এর দৈনিক প্রতিবেদন (Report) প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে আপনার জেলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য মনোনীত কেন্দ্রের (শুধুমাত্র দ্বাদশ শ্রেণির) উপস্থিত, অনুপস্থিত, বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা এবং বহিষ্কৃত পরিদর্শকের সংখ্যা (যদি থাকে) প্রতিদিন পরীক্ষা শেষ হওয়ার পর শিক্ষা মন্ত্রণালয়ে স্থাপিত কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে পাঠানোর নির্দেশনা রয়েছে। সে মোতাবেক অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের নিম্নবর্ণিত টেলিফোন, মোবাইল নম্বর ও ই-মেইলে সংশ্লিষ্ট তথ্যাদি জরুরি ভিত্তিতে জানানোর/প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিশেষ অনুরোধ করা হলো। আপনার অফিসে স্থাপিত পরীক্ষা সংক্রান্ত কন্ট্রোল রুমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, টেলিফোন, মোবাইল নম্বর ইত্যাদি কারিগরি শিক্ষা বোর্ডকে জরুরি ভিত্তিতে জানানোর জন্য অনুরোধ জানাচ্ছি। উল্লেখ্য, একাদশ শ্রেণির পরীক্ষার্থীর প্রতিবেদন/রিপোর্ট বোর্ডে পাঠানোর প্রয়োজন নেই।

**মোবাইল : ০১৩২২৮৩০০৩৪**
**টেলিফোন নম্বর : ০২-৫৫০০৬৫২৯**
**ই-মেইল : btebbmexm760@gmail.com**

**বিষয়টি অতীব জনগুরুত্বপূর্ণ।**

০৮/০৬/২৬
(প্রকৌশলী মো: আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৫

প্রাপক,
জেলা প্রশাসক (সকল)।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১ (৭) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)]
২। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
৪। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সংশ্লিষ্ট নথি।

(মোঃ জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৯

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১(৩) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

**বিষয় : ২০২৬ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সকল পরীক্ষা (তাত্ত্বিক ও ব্যবহারিক) গ্রহণ শেষে অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের সংকলিত তথ্য অনলাইনে বোর্ড বরাবরে প্রেরণের জন্য আপনাকে সবিশেষ অনুরোধ করা গেল এবং এর হার্ড কপি পরবর্তীতে বিএমটি শাখা (১০ম তলা) হাজিরাশীট জমাদান কালে দাখিল করতে হবে। বহিষ্কারের ক্ষেত্রে বোর্ড প্রদত্ত বহিষ্কার সংক্রান্ত ফরম ১, ২, ৩ যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮/০৬/২৬
(প্রকৌশলী মো: আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোন : ০২-৫৫০০৬৫২৫

প্রাপক,
কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)।
এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স
পরীক্ষা কেন্দ্র-২০২৬

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১(৮) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)]
২। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। জেলা প্রশাসক (সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
৫। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট নথি।

(মোঃ জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৯

F:\এইচএসসি (বিএমটি) পরীক্ষা সংক্রান্ত কাজ 2026\সকল চিঠি\পরীক্ষা সংক্রান্ত ৬টি চিঠি ২০২৫.doc

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১(৪) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

# পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি

## বোর্ড পরীক্ষা গ্রহণের পর কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তার উত্তরপত্র প্রেরণের নিয়মাবলী :

(ক) (Litho Top) ও উত্তরপত্র প্রেরণ ঃ বিষয় ও বর্ষভিত্তিক পৃথক পৃথক ভাবে উত্তরপত্রের কভার উত্তরপত্রের কভার পৃষ্ঠার ছেঁড়া ১ম অংশ (Litho Top) রোল নম্বরের ক্রমানুযায়ী সাজিয়ে বোর্ড প্রদত্ত করোগেটেড বাক্সে প্যাকেট করে সাদা কাপড়ের মোড়কে পরীক্ষা শেষ হওয়ার পর ঐ দিনই ডাকযোগে বোর্ডে নিম্নের নির্দেশনা অনুযায়ী প্রেরণ করতে হবে অর্থাৎ কোন একটি বিষয়ের Litho Top একত্রে বান্ডেল করে এক প্যাকেটে প্রেরণ করতে হবে।

- ➢ কাপড়ের মোড়কের উপরে কেন্দ্র কোড, বর্ষ, বিষয়ের নাম ও কোড, পার্সেলের তারিখ, সকালে পরীক্ষা হলে 'সকাল', এবং বিকালে পরীক্ষা হলে 'বিকাল' পাঠযোগ্য মোটা অক্ষরে লিখতে হবে।
- ➢ কাপড়ের মোড়কের উপরে কেন্দ্র কোড, বিষয়ের নাম ও কোড এবং মোড়কের ভিতরের উত্তরপত্রের বিষয়ের নাম ও কোড কোনক্রমেই ভিন্ন হওয়া যাবে না।
- ➢ কোন অবস্থাতেই একাধিক বিষয়/একই বর্ষের/একই বিষয় উত্তরপত্রের Litho Top একত্রে মোড়ক ও পার্সেল করা যাবে না।

(খ) শিরোনামপত্র তৈরি ঃ প্রতি বর্ষের প্রতি বিষয়ের প্রতিটি প্যাকেটের জন্য ৪ (চার) কপি করে শিরোনামপত্র অনলাইন থেকে প্রিন্ট করতে হবে। শিরোনামপত্রের ১ম কপি উত্তরপত্রের ১ম অংশের (Litho Top) প্যাকেটের ভেতর, ২য় কপি ১ম অংশের (Litho Top) করোগেটেড বক্সের বাইরে আঠা দিয়ে লাগাতে হবে। পরীক্ষা শেষে প্রতি বিষয়ের শিরোনামপত্রের এক কপি করে নিয়ে একটি সেট হাজিরা শিটের সাথে বোর্ডের বিএমটি শাখায় দাখিল করতে হবে। ৪র্থ কপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য উত্তরপত্রের প্যাকেটের ভেতর কোন শিরোনামপত্র দেয়া যাবে না। হাজিরাসিটের ফটোকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

(গ) **বহিষ্কৃত উত্তরপত্র প্রেরণ ঃ** বহিষ্কৃত পরীক্ষার্থীদের উত্তরপত্র বহিষ্কার সংক্রান্ত ফরম ১, ২ ও ৩ যথাযথভাবে পূরণ করে সম্পূর্ণ আলাদা প্যাকেটে আবশ্যকীয় সীলগালাসহ ডাকযোগে ঐ দিনই বোর্ডে প্রেরণ করতে হবে। প্যাকেটের উপরে লাল মোটা কালিতে বহিষ্কার, বহিষ্কৃত বিষয়ের নাম ও কোড, কেন্দ্র, বর্ষ এবং প্রতিষ্ঠান কোড লিখতে হবে। বহিষ্কৃত পরীক্ষার্থীর বাতিলকৃত উত্তরপত্রের সাথে অবশ্যই বহিষ্কারের প্রমাণাদি সংযোজন করতে হবে। পরিদর্শীকে বহিষ্কারের প্রমাণাদিতে স্বাক্ষর দিয়ে এবং লেখায় মিল থাকলে উত্তরপত্র ও নকলে লাল কালিতে আন্ডার লাইন করে উত্তরপত্রের সাথে সংযোজন করতে হবে।

(ঘ) **পরিপূরক উত্তরপত্র প্রেরণ:**

(১) (Litho Top) ও উত্তরপত্র প্রেরণ ঃ পরিপূরক পরীক্ষার বিষয়ভিত্তিক উত্তরপত্রের ১ম অংশ (Litho Top) ছিঁড়ে একটি করোগেটেড বক্সে ও উত্তরপত্রগুলো একটি বান্ডেল করে একত্রে একটি প্যাকেটে পার্সেল করতে হবে।

(২) প্যাকেটের উপরে একাদশ পরিপূরক এবং বিষয়ের নাম ও কোড, কেন্দ্র কোড স্পষ্ট করে লিখতে হবে।

(৩) শিরোনামপত্র তৈরি ও বহিষ্কৃত উত্তরপত্র প্রেরণের ক্ষেত্রে দ্বাদশ ও একাদশ শ্রেণীর মতো অনুরূপভাবে প্রেরণ করতে হবে।

ঙ। **রেজিষ্টার্ড পার্সেল (RP) প্রেরণ :** ডাকঘরের মাধ্যমে সকল বিষয়ের উত্তরপত্র ও লিথোটপ প্রেরণের সময় ডাকঘর কর্তৃক প্রাপ্ত রেজিষ্টার্ড পার্সেল (RP) এর ফটোকপি (বর্ষ, বিষয় ও তারিখ ফটোকপিতে উল্লেখ পূর্বক) কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

চ। **কাপড়ের মোড়কের উপর ঠিকানা ও তথ্যাদির নমুনা ছক :**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পোষ্ট করার তারিখ ঃ ......................................
কেন্দ্র কোড ঃ ......................................
বর্ষ ঃ......................................
বিষয় কোড ঃ ......................................
বিষয়ের নাম ঃ......................................
সকাল/বিকাল ঃ......................................
প্রেরক,
কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা
কেন্দ্রের নাম : ..............................................
উপজেলা : ..............................................
জেলা : ..................................................

প্রাপক,
পরীক্ষা নিয়ন্ত্রক
দৃঃআঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি), ১০ম তলা
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
উপ ডাকঘর, ঢাকা-১২১০।

ছ। অনিবার্য কারণে পরীক্ষার দিন উত্তরপত্র বোর্ডে জমা দিতে/পাঠাতে ব্যর্থ হলে কোন অবস্থাতেই তা কেন্দ্রে সংরক্ষণ করা যাবে না; স্থানীয় থানা/ট্রেজারীতে সংরক্ষণ করতে হবে। বোর্ডে জমাদানের জন্য থানা/ট্রেজারী হতে উত্তরপত্র গ্রহণের ছাড়পত্র সংগ্রহ করে মূল উত্তরপত্রের সাথে এর মূল কপিও জমা দিতে হবে।

জ। কেন্দ্রের সমুদয় উত্তরপত্রের বান্ডেল ঐ দিনই বোর্ডে প্রেরণ করতে হবে।

ঝ। উত্তরপত্রের গায়ে বা কোন অংশে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সীল বা কোন রকম চিহ্ন দেয়া যাবে না। যদি এর ব্যতিক্রম হয় তবে সংশ্লিষ্ট কেন্দ্র বাতিলসহ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঞ। পরীক্ষা কেন্দ্র পরিবর্তনকারী পরীক্ষার্থীর উত্তরপত্র পৃথক প্যাকেটে বীমাকৃত পার্সেল যোগে বোর্ডে প্রেরণ করতে হবে।

ট। পরীক্ষার উত্তরপত্রের প্যাকেটের ভিতর যাতে কোন শিরোনামপত্র না থাকে তা বিশেষভাবে লক্ষ করতে হবে।

**উপরোক্ত নিয়মাবলি যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। এর ব্যত্যয় ঘটানো কেন্দ্রের ফলাফল প্রকাশে বিঘ্ন ঘটলে তার দায়দায়িত্ব ঐ কেন্দ্রকেই বহন করতে হবে।**

(প্রকৌশলী মো: আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১ (৭) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)]
২। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
৪। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সংশ্লিষ্ট নথি।

(মোঃ জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৯

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১(৫) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

**বিষয় : ২০২৬ সনের এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের চূড়ান্ত পরীক্ষা পরিচালনা।**

আগামী ০২ জুলাই, ২০২৬ খ্রি. হতে অনুষ্ঠিতব্য অত্র বোর্ডের অধীন এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষার জন্য অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে আপনার প্রতিষ্ঠানকে পরীক্ষা কেন্দ্র নির্বাচন ও আপনাকে উক্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হল। যথাযথ নিয়মে, সুষ্ঠু, সুন্দর, মানসম্পন্ন ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণকল্পে আপনাকে প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক (ইনভিজিলেটর), অভ্যন্তরীণ/অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক, সাধারণ সহকারী/কর্মচারী ইত্যাদি নিয়োগের এবং পরীক্ষা সমাপ্তির পর নিয়মানুযায়ী কেন্দ্র সংশ্লিষ্ট দায়িত্ব পালনকারীদের পারিশ্রমিক পরিশোধের ক্ষমতা অর্পন করা হলো।

১। পরীক্ষা কেন্দ্রের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে স্থানীয় জেলা/উপজেলা ও পুলিশ প্রশাসনের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীদের হাজিরা শীট, নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে পৌঁছানোর নিমিত্তে বোর্ড কর্তৃক জারীকৃত পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি অনুসরণ করার জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হল।

২। প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিদর্শীর এক চতুর্থাংশ আপনার প্রতিষ্ঠান হতে এবং অবশিষ্ট কক্ষ পরিদর্শী নিকটবর্তী অন্যান্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে নিয়োগের জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হল। কোন কক্ষ পরিদর্শী তার নিজস্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কক্ষে দায়িত্ব পালন করতে পারবেন না।

৩। সুষ্ঠু ও সুন্দর পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্রের অধীনে সকল পরীক্ষার্থীদের একই ভেন্যুতে পরীক্ষা গ্রহন করতে হবে। কোনভাবেই খন্ডকালীন (পার্ট টাইম) শিক্ষককে কক্ষ পরিদর্শীর দায়িত্ব দেওয়া যাবেনা।

৪। নকলমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে নকল প্রতিরোধের সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। আপনার কেন্দ্র নকলপ্রবণ হিসেবে চিহ্নিত হলে ভবিষ্যতে তা বাতিল হবে। এ ক্ষেত্রে আপনার কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৫। পরীক্ষা কক্ষের আসন ব্যবস্থা ১ বর্গ মিটার দূরত্বে হতে হবে এবং বোর্ড কর্তৃক প্রদত্ত রোল নম্বরের ক্রমানুসারে I অথবা Z আকারে আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এর কোন ব্যতিক্রম হলে পরবর্তীতে আপনার প্রতিষ্ঠানের কেন্দ্র বাতিল করা হবে।

৬। জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্থানীয়ভাবে গঠনকৃত ভিজিলেন্স টিম এইচএসসি (বিএমটি), ডিপ্লোমা-ইন-কমার্স ও এইচএসসি (ভোক) পরীক্ষা সরেজমিনে মনিটরিং-এর দায়িত্বে থাকবেন।

৭। কোন ক্রমেই পরীক্ষা শুরুর ৩০ মিনিটের পূর্বে সীলগালাকৃত প্রশ্নপত্রের প্যাকেট পরীক্ষা কক্ষে খোলা যাবে না।

৮। পরীক্ষার্থীদের কে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বেই পরীক্ষা কক্ষে আসন গ্রহন নিশ্চিত করতে হবে।

৯। পরীক্ষা চলাকালীন শুধুমাত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ ফিচারের মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন। কোন পরীক্ষার্থী হলে মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে আনতে পারবে না।

১০। নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের আলাদা কক্ষে আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

১১। অব্যবহৃত সেটের প্রশ্নপত্রের অ্যালুমিনিয়াম ফয়েলের প্যাকেটগুলো অক্ষত অবস্থায় এবং ব্যবহৃত সেটের প্রশ্নপত্রের অ্যালুমিনিয়াম ফয়েলের প্যাকেটগুলো ট্রাঙ্কে ভরে অত্র বোর্ডে জমা দিতে হবে।

১২। **পরীক্ষার দৈনন্দিন তথ্য (মোট পরীক্ষার্থী, উপস্থিত পরীক্ষার্থী, অনুপস্থিত পরীক্ষার্থী, বহিস্কার পরীক্ষার্থী রোলসহ) পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথেই জেলা প্রশাসক মহোদয়ের স্থাপিত কন্ট্রোলরুমে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট কেন্দ্র হতে বোর্ডে জানানোর প্রয়োজন নেই।**

০৮/০৬/২৬

(প্রকৌশলী মো: আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৫

প্রাপক :
অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১(৭) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)]
২। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
৪। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সংশ্লিষ্ট নথি।

(মোঃ জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

F:\এইচএসসি (বিএমটি) পরীক্ষা সংক্রান্ত কাজ 2026\সকল চিঠি\পরীক্ষা সংক্রান্ত ৬টি চিঠি ২০২৫.doc

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১(৬) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

**বিষয় : কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার পালনীয় দায়িত্ব ও কর্তব্য।**

অত্র বোর্ডের অধীন অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক) ও **ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০২৬ যথাযথ নিয়মে,** সুষ্ঠু, সুন্দর, মানসম্পন্ন ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠানের নিমিত্ত **কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিম্নোক্ত দায়িত্বসমূহ/নির্দেশনা** প্রতিপালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে ঃ

(১) পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে উত্তরপত্র ও পরীক্ষা সামগ্রী গ্রহণের ছক অনুযায়ী আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের অলিখিত উত্তরপত্রসহ পরীক্ষা সংক্রান্ত অন্যান্য পরীক্ষা সামগ্রী বোর্ড হতে গ্রহণ করতে হবে।

(২) পরীক্ষা সামগ্রী গ্রহণের সময় আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সংখ্যা হিসাব করে একটি চাহিদাপত্র তৈরি করে আনবেন।

(৩) কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের অনলাইনে প্রেরিত তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC ও PC) নম্বরের হার্ড কপি নিজ নিজ প্রতিষ্ঠানে যত্নসহকারে সংরক্ষণ করবেন।

(৪) কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের নিকট বোর্ডের পরীক্ষা সংক্রান্ত বকেয়া পাওনা থাকলে প্রবেশপত্র ডাউনলোডের আগেই তা পরিশোধ করতে হবে। অন্যথায় প্রবেশপত্র ডাউনলোড করা যাবে না।

(৫) সুষ্ঠুভাবে ব্যবহারিক পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে প্রতি বিষয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক শিক্ষকদের তাদের প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের জন্য অভ্যন্তরীণ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাহির থেকে অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ করে পরীক্ষা পরিচালনা করতে হবে।

(৬) ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর নির্ধারিত তারিখে কেন্দ্রাধীন প্রতিষ্ঠানের সকল পরীক্ষার্থীর হাজিরাশিট যথাসময়ে ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির ৩ দিনের মধ্যে অবশ্যই বোর্ডের ১০ম তলা বিএমটি শাখায় জমা দিতে হবে।

(৭) ব্যবহৃত ও অব্যবহৃত উত্তরপত্র এবং অতিরিক্ত উত্তরপত্রের হিসাব একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে এবং পরবর্তীতে নতুন/অব্যবহৃত উত্তরপত্র গ্রহনের ক্ষেত্রে বোর্ডে প্রদর্শন করতে হবে।

০৮/০৬/২৬
(প্রকৌশলী মো: আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৫

প্রাপক,
কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, নির্বাচিত পরীক্ষার কেন্দ্র (সকল)।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.১১.০১২.২৬.১৭১ (৭) তারিখ : ০৮-০৬-২০২৬খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি)]
২। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
৪। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সংশ্লিষ্ট নথি।

(মোঃ জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৯

F:\এইচএসসি (বিএমটি) পরীক্ষা সংক্রান্ত কাজ 2026\সকল চিঠি\পরীক্ষা সংক্রান্ত ৬টি চিঠি ২০২৫.doc